সেটের সমতা - Equality of sets
স্পর্শ জ্যা - Chord of contact
স্পর্শ বিন্দু - Point of contact
স্পর্শক - Tangent
স্বতঃসিদ্ধ - Axiom
স্বাভাবিক সংখ্যা - Natural/Real number
স্বীকার্য/স্বতঃসিদ্ধ- Postulate
স্থান - Space
স্থানাঙ্ক - Co ordinate
স্থানাঙ্ক জ্যামিতি - Coordinate Geometry
স্থূল কোণ - Obtuse angle
স্থূলকোণী ত্রিভুজ - Obtuse angled triangle
হর - Numerator
হেলানো উচ্চতা - Slant height
হেলানো তল - Leaning Surface

PART-4

উচ্চতর গণিত
অধ্যায়ভিত্তিক সমাধান

উচ্চতর গণিত সূচিপত্র

বাস্তব জীবনে এ অধ্যায়ের প্রয়োগ

আমরা কেউ কি কখনও ভেবে দেখেছি যে 'সেট ও ফাংশন' অধ্যায়টি আমরা কেন পড়ছি আর কি ই বা পড়ছি। যারা এতটুকু চিন্তা করেছি তাদেরকে অসংখ্য ধন্যবাদ। কারণ চিন্তা-ভাবনার মাঝেই আমাদের জ্ঞানগুলো বিকশিত হয়ে থাকে।

আমরা প্রতিদিনকার চলার পথে অবেচতনভাবেই সেটের ব্যবহার করে চলেছি। যেমন, বাজারে আমরা প্রায়ই বিভিন্ন ধরনের গৃহস্থলীয় পণ্য কিনতে সেট শব্দটি ব্যবহার করে থাকি, উদাহরণস্বরূপ বলা যায়, ডিনার সেট, গ্লাসের সেট, কাপের সেট ইত্যাদি বিভিন্ন ক্ষেত্রে সেট শব্দটি ব্যবহার করে থাকি। তাছাড়াও কাপড়, বিভিন্ন ধরনের অলংকারাদি (Ornaments) এর ক্ষেত্রেও আমরা সেটের ব্যবহার করে থাকি।



চিত্র- ১: ডিনার সেট

চিত্র- ২: অলংকারের সেট

এমনকি বইয়ের ক্ষেত্রেও আমরা সেট শব্দটি খুব ভালো ভাবেই ব্যবহার করে থাকি। যেমন আমরা দোকানে বিজ্ঞান বিভাগের সবগুলি বিষয়ের বই/গাইড কিনতে হলে আমরা 'সাইন্সের এক সেট বই লাগবে' বলে দোকানদারকে [illegible] করে থাকি। মূলত এই সকল ক্ষেত্রে আমরা সেট শব্দটি ব্যবহার করছি এজন্যই যে এর মধ্যে আরো অনুরূপ অনেকগুলো উপাদান অন্তর্ভুক্ত থাকে। অর্থাৎ দৈনন্দিন জীবনে আমরা অবচেতন ভাবেই হোক আর সচেতন ভাবেই হোক সেটের ব্যবহার করে যাচ্ছি।



চিত্র-৩: বইয়ের সেট

প্রাত্যহিক ক্ষেত্রে আমরা বিভিন্ন ফাংশনের ব্যবহার করে থাকি। যেমন: বাড়ির ছাদ কিংবা উঁচু কোনো স্থান হতে একটি ক্ষুদ্র বস্তু নিক্ষেপ করলে এটি t সেকেন্ডে নিচে পড়লে $h = 4.9t^2$ ফাংশনটির সাহায্যে ঐ বাড়ির উচ্চতা অথবা উঁচু স্থানের উচ্চতা নির্ণয় করা যাবে। একই ভাবে, বিভিন্ন ক্ষেত্রে অনেক গুরুত্বপূর্ণ গাণিতিক তত্ত্বকে ফাংশন আকারে প্রকাশ করা হয়ে থাকে। এছাড়াও উচ্চতর শিক্ষায় ক্যালকুলাসসহ বিভিন্ন ক্ষেত্রে ফাংশন ব্যবহার করা হয়ে থাকে।

"Education is the most powerful weapon which you can use to change the world".

–Nelson Mandela

১ সেট ও ফাংশন [Set & Function]

অনুশীলনী-১.১

N = স্বাভাবিক সংখ্যার সেট = {1,2,3,...}.
Z = পূর্ণসংখ্যার সেট = {0,-1,1,-2,2,...}.
Z^+ = ধনাত্মক পূর্ণসংখ্যার সেট
Z^- = ঋণাত্মক পূর্ণসংখ্যার সেট
R = বাস্তব সংখ্যার সেট
R^+ = ধনাত্মক বাস্তব সংখ্যার সেট
R^- = ঋণাত্মক বাস্তব সংখ্যার সেট
Q = মূলদ সংখ্যার সেট
Q^c = অমূলদ সংখ্যার সেট
Q^+ = ধনাত্মক মূলদ সংখ্যার সেট
Q^- = ঋণাত্মক মূলদ সংখ্যার সেট
∅ = ফাঁকা সেট = { }

চিত্র-১: বিভিন্ন ধরনের সেটের প্রতীক



চিত্র-২: ফাংশন

ভূমিকা [Introduction]

সেট শব্দটি আমাদের সুপরিচিত যেমন: ডিনার সেট, স্বাভাবিক সংখ্যার সেট, মূলদ সংখ্যার সেট ইত্যাদি। আধুনিক হাতিয়ার হিসেবে সেটের ব্যবহার ব্যাপক। **জার্মান গণিতবিদ জর্জ ক্যান্টর** (১৮৪৪-১৯১৮) অসীম সমতুল সেটের ধারণা প্রদান করে গণিত শাস্ত্রে আলোড়ন সৃষ্টি করেন। তাঁকে **সেটের জনক** বলা হয়। গণিতে সেটের প্রয়োগ ব্যাপক। সংখ্যাতত্ত্ব, অন্বয়, ফাংশন, লেখচিত্র, ডোমেন, রেঞ্জ, সমীকরণ, ধারা ইত্যাদি সম্পর্কিত সমস্যা সমাধানে সেটের ধারণা থাকা আবশ্যক।

George Cantor

বাস্তব জীবনের অনেক ক্ষেত্রেই ফাংশন ব্যবহার করা হয়। যেমন কোনো উঁচু স্থান থেকে একটি ক্ষুদ্র বস্তু নিক্ষেপ করলে এটি t সেকেণ্ড পর নিচে পড়লে $h = 4.9t^2$ ফাংশনটির সাহায্যে বাড়ির উচ্চতা কত মিটার তা নির্ণয় করতে পারবে। অনুরূপভাবে, $A = \pi r^2$ ফাংশনটিতে বৃত্তের ব্যাসার্ধ, r এর মান বসালে ক্ষেত্রফল, A পাবে। ফাংশনের সাহায্যে কোনো কণার গতিপথ, এক অবস্থা থেকে অন্য অবস্থায় রূপান্তর ইত্যাদি সহজেই নির্ণয় করা যায়। গটফ্রেড লিবনীজ প্রথম "ফাংশন" শব্দটি ব্যবহার করেন এবং ফাংশনের গ্রহণযোগ্য সংজ্ঞা দেন।

বোর্ড প্রশ্নাবলির বিশ্লেষণ [Board Questions Analysis]

১. এই অধ্যায় থেকে বিভিন্ন বোর্ডে বিগত দু'বছরের এসএসসি পরীক্ষায় মোট ১০টি সৃজনশীল প্রশ্ন ও ৫০টি বহুনির্বাচনি প্রশ্ন এসেছে। নিচের 'Board Analysis' অংশে এই অধ্যায় থেকে কোন সালে কোন বোর্ডে কতটি প্রশ্ন হয়েছে তা দেওয়া আছে।

সৃজনশীল প্রশ্ন

সাল \ বোর্ড	ঢাকা	রাজশাহী	কুমিল্লা	যশোর	চট্টগ্রাম	বরিশাল	সিলেট	দিনাজপুর
২০১৬	১	১	১	–	–	১	–	–
২০১৫	১	১	১	–	১	১	১	–

বহুনির্বাচনি প্রশ্ন

সাল \ বোর্ড	ঢাকা	রাজশাহী	কুমিল্লা	যশোর	চট্টগ্রাম	বরিশাল	সিলেট	দিনাজপুর
২০১৬	৩	৪	৩	৫	৩	৪	৪	৩
২০১৫	৩	২	৩	১	৩	১	৩	২

মূল শব্দাবলি [Key Words]

সেট (Set), তালিকা পদ্ধতি (Roster Method/Tabular Method), সেট গঠন পদ্ধতি (Set Builder Method), সসীম সেট (Finite Set), অসীম সেট (Infinite Set), ফাঁকা সেট (Empty Set), ভেনচিত্র (Venn-Diagram), উপসেট (Subset), প্রকৃত উপসেট (Proper Subset), সেটের সমতা (Equivalent Set), সেটের অন্তর (Difference of Set), সার্বিক সেট (Universal Set), পূরক সেট (Complement of a Set), সংযোগ সেট (Union Of Sets), ছেদ সেট (Intersection of Sets), নিশ্ছেদ সেট (Disjoint Sets), শক্তি সেট (Power Set), ক্রমজোড় (Ordered Pair), কার্তেসীয় গুণজ (Cartesian Products), অন্বয় (Relation), ফাংশন (Function), ডোমেন (Domain), রেঞ্জ (Range), ভুজ বা x-অক্ষ (Abscissa), কোটি বা y-অক্ষ (Ordinate)।

এ অধ্যায়ের আলোচ্যসূচি

প্রাথমিক আলোচনা

☑ সেট: "বাস্তব জগত বা চিন্তা জগতের বস্তুর যেকোনো সুনির্ধারিত সংগ্রহ" কে সেট বলা হয়। সেটকে সাধারণত ইংরেজি বড় অক্ষর, যেমন: A, B, C, D, X, Y ইত্যাদি এবং সেটের সদস্যকে ইংরেজি ছোট অক্ষর a, b, c, d, x, y ইত্যাদি দ্বারা প্রকাশ করা হয়। তবে সেটকে এবং সেটের সদস্যকে যেকোনো অর্থপূর্ণ চিহ্ন দিয়ে প্রকাশ করা যায়। সেটের সদস্যকে সেটের উপাদানও বলা হয়।

❑ এক নজরে সেটে ব্যবহৃত চিহ্নসমূহ:

চিহ্ন	যা বুঝায়	যেভাবে পড়া হয় (ইংরেজিতে)	উদাহরণ
$\subseteq$	উপসেট	*subset*	$A \subseteq B$
$\not\subseteq$	উপসেট নয়	*not subset*	$A \not\subseteq B$
$\subset$	প্রকৃত উপসেট	*proper subset*	$A \subset B$
$\not\subset$	প্রকৃত উপসেট নয়	*not proper subset*	$A \not\subset B$
$\in$ (*epsilon*)	উপাদান/সদস্য	*belongs to*	$x \in A$
$\notin$	উপাদান নয়	*not belongs to*	$x \notin A$
$\cup$	সংযোগ সেট	*union*	$A \cup B$
$\cap$	ছেদ সেট	*intersection*	$A \cap B$
Φ	ফাঁকা সেট	*null set*	$\Phi = \{\ \}$
:	যেন	*such that*	$=\{x : \ldots\}$
'	পূরক সেট	*prime*	$A' = \{x \in U : x \notin A\}$

☑ সেট প্রকাশের পদ্ধতি (মাধ্যমিক গণিত থেকে পঠিত): সেট প্রকাশ করার দু'টি পদ্ধতি আছে। যথা:

(i) **তালিকা পদ্ধতি (Tabular Method বা Roster Method):** এই পদ্ধতিতে সেটের সকল উপাদানকে { } এর মধ্যে আবদ্ধ করা হয় এবং উপাদানগুলোকে আলাদা করার জন্য কমা (,) ব্যবহার করা হয়। যেমন: $A = \{2, 3, 5, 7, 11, 13, 17\}$, $B = \{a, b, c\}$

(ii) **সেট গঠন পদ্ধতি (Set Builder Method বা Rule Method):** এই পদ্ধতিতে উপাদানের সাধারণ ধর্মের উল্লেখ করে সেটকে বর্ণনা করা হয়। যেমন, $A = \{x : x$ জোড় স্বাভাবিক সংখ্যা$\}$

☑ সার্বিক সেট (*Universal set*): যদি আলোচনাধীন সকল সেট একটি নির্দিষ্ট বড় সেটের উপসেট হয় তবে ঐ নির্দিষ্ট সেটকে সার্বিক সেট বলা হয়। সার্বিক সেটকে সাধারণত U প্রতীক দ্বারা প্রকাশ করা হয়। যেমন: $A = \{1, 2, 3\}$, $B = \{2, 3, 4\}$, $C = \{7, 8, 9\}$ এবং $U = \{1, 2, 3, 4, 5, 6, 7, 8, 9\}$ হলে A, B ও C প্রত্যেকেই U এর উপসেট। সুতরাং এখানে U হলো সার্বিক সেট।

☑ উপসেট: যদি A সেটের প্রত্যেক উপাদান B এরও উপাদান হয়, তবে A কে B এর উপসেট বলে। একে প্রতীকে লেখা হয়, $A \subseteq B$ এবং পড়া হয় A, B এর উপসেট।

উদাহরণ: $A = \{2, 4, 6, 8\}$ এবং $B = \{2, 4, 6, 8\}$; $A \subseteq B$

☑ প্রকৃত উপসেট: A সেটের প্রত্যেক উপাদান যদি B সেটে বিদ্যমান থাকে এবং B সেটে অন্তত একটি উপাদান থাকে যা A সেটে নেই, তবে A কে B এর প্রকৃত উপসেট বলে। একে $A \subset B$ লিখে প্রকাশ করা হয়। উদাহরণ: $A = \{2, 4, 6, 8\}$ এবং $B = \{1, 2, 4, 5, 6, 8\}$; $A \subset B$

☑ পূরক সেট: U সার্বিক সেট এবং A সেটটি U এর উপসেট। A সেটের বহির্ভূত সকল উপাদান নিয়ে গঠিত সেটকে A সেটের পূরক সেট বলে। A এর পূরক সেটকে A^c বা A' দ্বারা প্রকাশ করা হয় গাণিতিকভাবে, $A' = U \setminus A = \{x : x \in U$ এবং $x \notin A\}$.

উদাহরণ: সার্বিক সেট $U = \{1, 2, 3, 4, 5, 6, 7, 8, 9\}$

$A = \{1, 3, 5, 7\}$

সুতরাং $A' = \{1, 2, 3, 4, 5, 6, 7, 8, 9\} \setminus \{1, 3, 5, 7\}$

$= \{2, 4, 6, 8, 9\}$

☑ শক্তি সেট: কোনো সেটের সকল উপসেটের সেটকে A এর শক্তি সেট বা পাওয়ার সেট বলা হয় এবং একে $P(A)$ দ্বারা প্রকাশ করা হয়। যেমন: $A = \{1, 2, 3\}$ হলে, A এর শক্তি সেট, $P(A) = \{\Phi, \{1\}, \{2\}, \{3\}, \{1,2\}, \{1,3\}, \{2,3\}, \{1,2,3\}\}$

লক্ষণীয় যে, $P(A)$ এর উপাদানগুলো প্রত্যেকেই সেট A এর উপসেট।

যদি কোনো সেটের উপাদান সসীম হয়, ধরা যাক ঐ সেটে n সংখ্যক উপাদান আছে, তাহলে উক্ত সেটটির শক্তি সেটে 2^n সংখ্যক উপাদান থাকবে।

☑ ভেনচিত্র: কোনো সেটের একাধিক উপসেটের মধ্যে সম্পর্ক নির্দেশ করতে যে জ্যামিতিক চিত্র ব্যবহার করা হয়, তাকে ভেনচিত্র বলে। সাধারণত আয়তক্ষেত্র দ্বারা সার্বিক সেট বুঝানো হয়। বৃত্তাকার বা ত্রিভুজাকার উপসেট বুঝাতে ব্যবহার করা হয়।



পাশের ভেনচিত্রে U হলো সার্বিক সেট এবং P, Q এর উপসেট।

এখানে $P = \{1, 2, 3\}$; $Q = \{1, 2, 3, 4\}$; $U = \{1, 2, 3, 4, 5\}$

ভেনচিত্রের মাধ্যমে আরো কয়েকটি সেটের প্রকাশ নিম্নে দেখানো হলো:

$A \cup B$ হল গাঢ় অংশটুকু
চিত্র- ১

$A \cap B$ হল গাঢ় অংশটুকু
চিত্র- ২



$A - B$ বা, $A \setminus B$ হল গাঢ় অংশটুকু
চিত্র- ৩



$A' \cup B$ হল গাঢ় অংশটুকু
চিত্র- ৪

ভেনচিত্রের মাধ্যমে পূরক সেটের প্রকাশ:

A এর উপাদানগুলো বাদে সার্বিক সেটের অন্য সকল উপাদান নিয়ে A' গঠিত। ভেনচিত্রে A' দেখানো হল। এখানে, সার্বিক সেট U কে আয়তাকার ক্ষেত্র দ্বারা এবং U এর উপসেট A কে বৃত্তাকার ক্ষেত্র দ্বারা দেখানো হয়েছে। চিত্রে A এর পূরক সেট A' কে দাগ টেনে ভরাট করে প্রকাশ করা হয়েছে।



☑ **শর্তসাপেক্ষে সেট বা উপসেট প্রকাশের নিয়ম:** একটি সেট থেকে বিভিন্ন শর্তানুসারে বিভিন্ন উপাদান নিয়ে একাধিক উপসেট গঠন করা যায়। উদাহরণস্বরূপ, স্বাভাবিক সংখ্যার সেট N এর বিভিন্ন উপাদান নিয়ে পাঁচ রকম শর্তানুসারে 5টি উপসেট গঠন করা হলো:

প্রতীক	অর্থ
$A = \{x \in N : x < 10\}$	যেসব স্বাভাবিক সংখ্যা 10 এর ছোট তাদের সেট।
$B = \{x \in N : x, 16$ এর গুণনীয়ক$\}$	যেসব স্বাভাবিক সংখ্যা 16 এর গুণনীয়ক (*Factor*) তাদের সেট।
$C = \{x \in N : 7x\}$	যেসব স্বাভাবিক সংখ্যা 7 এর গুণিতক(*Multiple*) তাদের সেট।
$D = \{x \in N : x < 30$ এবং x মৌলিক সংখ্যা$\}$	যেসব মৌলিক সংখ্যা 30 এর ছোট তাদের সেট।
$E = \{x \in N : x^2 > 10$ এবং $x^3 < 100\}$	যেসব স্বাভাবিক সংখ্যার বর্গ 10 থেকে বড় এবং ঘন 100 থেকে ছোট তাদের সেট।

☑ **বাস্তব সংখ্যা সম্পর্কিত কতগুলো প্রতীকের পরিচয়:**

চিহ্ন/প্রতিক	চিহ্নটি দ্বারা যা বুঝায়	বিবরণ	উদাহরণ
R	বাস্তব সংখ্যা (Real Number)	সকল মূলদ ও অমূলদ সংখ্যা	$0, \pm 1, \pm 2, \pm\frac{1}{2}, \pm\frac{3}{2}, \sqrt{3}$ ইত্যাদি
R_+	ধনাত্মক সংখ্যা (Positive Number)	শূন্য অপেক্ষা বড় সকল বাস্তব সংখ্যা	$1, 2, \frac{1}{2}, \frac{3}{2}, \sqrt{2}, 0.415, 0.\dot{6}\dot{2}$, 4.120345061 ইত্যাদি
R_-	ঋণাত্মক সংখ্যা (Negative Number)	শূন্য অপেক্ষা ছোট সকল বাস্তব সংখ্যা	$-1, -2, -\frac{1}{2}, -\frac{3}{2}, -\sqrt{2}, -0.415, -0.\dot{6}\dot{2}$, -4.120345061 ইত্যাদি
Z	পূর্ণসংখ্যা (Integers)	শূন্যসহ সকল ধনাত্মক ও ঋণাত্মক অখণ্ড সংখ্যা	$\dots, -2, -1, 0, 1, 2, 3, \dots$ ইত্যাদি
Z^+	ধনাত্মক পূর্ণসংখ্যা (Positive Integers)	সকল ধনাত্মক অখণ্ড সংখ্যা	$1, 2, 3, 4$ ইত্যাদি
N	স্বাভাবিক সংখ্যা (Natural Number)	সকল ধনাত্মক অখণ্ড সংখ্যা	$1, 2, 3, 4$ ইত্যাদি
Q	মূলদ সংখ্যা (Rational Number)	p ও q পূর্ণসংখ্যা এবং $q \neq 0$ হলে $\frac{p}{q}$ আকারের সংখ্যা	$\frac{3}{1} = 3, \frac{11}{2} = 5.5, \frac{5}{3} = 1.666$ ইত্যাদি
Q^C	অমূলদ সংখ্যা (Irrational Number)	$\frac{p}{q}$ যেখানে $q \neq 0$ আকারে প্রকাশ করা যায় না এমন সংখ্যা	$\sqrt{2} = 1.414213\dots, \sqrt{3} = 1.732\dots, \frac{\sqrt{5}}{2} = 1.58113\dots$ ইত্যাদি

বি.দ্র.: Z^+ ও N দ্বারা যথাক্রমে ধনাত্মক পূর্ণসংখ্যা ও স্বাভাবিক সংখ্যা বুঝালেও একটিই প্রকৃতপক্ষে 'ধনাত্মক অখণ্ড সংখ্যার' সেট নির্দেশ করে।

☑ **ফাঁকা সেট:** যে সেটের কোনো উপাদান থাকে না তাকে ফাঁকা সেট বলা হয়। যেমন, $\{x \in N : x < 9$ এবং $x > 10\}$ একটি ফাঁকা সেট। সেটে কোন উপাদান নেই। কেননা, এমন কোনো স্বাভাবিক সংখ্যা নেই যা 9 এর ছোট কিন্তু 10 এর বড়। এরূপ সেটকে ফাঁকা সেট বলে এবং একে $\{\ \}$ বা $\varnothing$ প্রতীক দিয়ে লেখা হয়। $\varnothing$ হলো গ্রিক অক্ষর ফাই।

○ ফাঁকা সেট যেকোনো সেটের একটি প্রকৃত উপসেট।

☑ **সংযোগ সেট:** দুইটি সেটের সকল উপাদান নিয়ে গঠিত সেটকে ঐ সেটদ্বয়ের সংযোগ সেট বলে। A ও B এর সংযোগ সেটকে $A \cup B$ প্রতীক দ্বারা সূচিত করা হয় এবং পড়া হয়, "A সংযোগ B" বা "*A union B*" সেট গঠনের প্রতীকে $A \cup B$ এর সংজ্ঞা দাঁড়ায়, $A \cup B = \{x : x \in A$ অথবা $x \in B\}$.

উদাহরণ: $A = \{1, 2, 3\}$; $B = \{2, 3, 4, 5\}$ সুতরাং $A \cup B = \{1, 2, 3, 4, 5\}$

দ্রষ্টব্য: $x \notin A \cup B$ যদি এবং কেবল যদি $x \notin A$ এবং $x \notin B$.

☑ **অন্তর সেট (*Difference of Sets*):** দুইটি সেটের একটির যে সকল উপাদান অপরটিতে নেই তাদের দ্বারা গঠিত সেটকে অন্তর সেট বলা হয়। যেমন: A ও B দুইটি সেট হলে, A সেটের যে সকল উপাদান B সেটের উপাদান নয় তাদের দ্বারা গঠিত সেটকে A থেকে B সেটের অন্তর সেট বলা হয়। সেটের অন্তরকে $A \backslash B$ অথবা $A - B$ প্রতীক দ্বারা প্রকাশ করা হয়।

$A \backslash B$ কে পড়তে হয় A বাদ B। $A \backslash B = \{x : x \in A$ এবং $x \notin B\}$

উদাহরণ, $A = \{1, 2, 3, 4, 5, 6\}$, $B = \{1, 2, 3\}$ হলে,

$A \backslash B = \{1, 2, 3, 4, 5, 6\} - \{1, 2, 3\} = \{4, 5, 6\}$

Note: $A \backslash B$ ও $A - B$ একই কথা।

☑ **ছেদ সেট:** দুইটি সেটের সাধারণ উপাদান নিয়ে গঠিত সেটকে ঐ সেটদ্বয়ের ছেদ সেট বলে। A ও B এর ছেদ সেটকে $A \cap B$ প্রতীক দ্বারা সূচিত করা হয় এবং "A ছেদ B" বা "*A intersection B*" পড়া হয়। সেট গঠনের প্রতীকে $A \cap B$ এর সংজ্ঞা দাঁড়ায়, $A \cap B = \{x : x \in A$ এবং $x \in B\}$

উদাহরণ: $A = \{1, 3, 5, 7\}$; $B = \{3, 4, 6\}$ সুতরাং $A \cap B = \{3\}$

দ্রষ্টব্য: $x \notin A \cap B$ হবে যদি এবং কেবল যদি $x \notin A$ এবং $x \notin B$.

☑ **নিশ্ছেদ (*Disjoint*) সেট:** দুইটি সেটে যদি কোন সাধারণ উপাদান না থাকে, তবে ঐ সেটদ্বয়কে পরস্পর নিশ্ছেদ সেট বলে।

উদাহরণ: $A = \{1, 3, 5, 7\}$; $B = \{2, 4, 6\}$ $\therefore A \cap B = \{\ \} = \Phi$

এখানে, A ও B সেটের কোন সাধারণ সদস্য নেই।

☑ **সেট প্রক্রিয়ার ধর্মাবলি:**

প্রতিজ্ঞা-১: বিনিময় বিধি(*Commulative law*): A ও B যেকোনো দুইটি সেট হলে

(i) $A \cup B = B \cup A$ (ii) $A \cap B = B \cap A$ এটি সেটের বিনিময় বিধি।

প্রতিজ্ঞা-২: সহযোজন বিধি (*Associative law*): A, B, C যে কোনো তিনটি সেট হলে

(i) $(A \cup B) \cup C = (B \cup C) \cup A$ (ii) $(A \cap B) \cap C = A \cap (B \cap C)$

প্রতিজ্ঞা-৩: A যেকোনো সেট হলে-

(i) $A \cup A = A$ (ii) $A \cap A = A$

প্রতিজ্ঞা-৪: A ও B দুইটি সেটের জন্য

(i) $A \subset B$ হলে (a) $A \cup B = B$ এবং (b) $A \cap B = A$

(ii) $B \subseteq A$ হলে (a) $A \cup B = A$ (b) $A \cap B = B$

প্রতিজ্ঞা-৫: যেকোনো সেট A ও B এর জন্য
(i) $A \subset (A \cup B)$ এবং $B \subset (A \cup B)$ (ii) $(A \cap B) \subset A$ এবং $(A \cap B) \subset B$

প্রতিজ্ঞা-৬: __অভেদক বিধি (*Identity law*):__ A যেকোনো সেট, U সার্বিক সেট এবং Φ শূন্য সেট হলে—

(i) $A \cup \Phi = A$ (ii) $A \cup U = U$
(iii) $A \cap U = A$ (iv) $A \cap \Phi = \Phi$

বি.দ্র. $A \subset U$ এবং $\Phi \subset A$ সর্বদা সত্য।

প্রতিজ্ঞা-৭: __বন্টন নিয়ম (*Distributive law*):__ A, B, C যেকোনো তিনটি সেট হলে
(i) $A \cup (B \cap C) = (A \cup B) \cap (A \cup C)$
(ii) $A \cap (B \cup C) = (A \cap B) \cup (A \cap C)$

প্রতিজ্ঞা-৮: __দ্য মরগানের সূত্র (*De Morgans Law*):__ সার্বিক সেট U এর যেকোনো উপসেট A ও B এর জন্য
(i) $(A \cup B)' = A' \cap B'$ (ii) $(A \cap B)' = A' \cup B'$

প্রতিজ্ঞা-৯: সার্বিক সেট U এর যেকোনো উপসেট A ও B এর জন্য $A \backslash B = A \cap B'$
প্রমাণ: $A \backslash B = \{x : x \in A, x \notin B\} = \{x : x \in A, x \in B'\} = A \cap B'$

প্রতিজ্ঞা-১০: যেকোনো সেট A, B, C এর জন্য
(i) $A \times (B \cap C) = (A \times B) \cap (A \times C)$ (ii) $A \times (B \cup C) = (A \times B) \cup (A \times C)$

প্রতিজ্ঞা-১১: সেট প্রক্রিয়া সংক্রান্ত কতিপয় প্রতিজ্ঞা

পাঠ্যবইয়ের সকল অংশে '$\subset$' চিহ্ন দ্বারা প্রকৃত উপসেট বুঝানো হয়েছে। কিন্তু এখানে '$\subset$' চিহ্ন দ্বারা উপসেট বুঝানো হয়েছে।

প্রতিজ্ঞা- ক: A যে কোনো সেট হলে $A \subset A$.
প্রতিজ্ঞা- খ: ফাঁকা সেট Φ, যে কোনো সেট এর উপসেট অর্থাৎ $\Phi \subset A$, যেখানে A যে কোনো সেট।
প্রতিজ্ঞা- গ: A ও B যে কোনো সেট হলে, $A = B$ হবে যদি ও কেবল যদি $A \subset B$ এবং $B \subset A$ হয়।
প্রতিজ্ঞা- ঘ: যদি $A \subset \Phi$ হয়, তবে $A = \Phi$
প্রতিজ্ঞা- ঙ: যদি $A \subset B$ এবং $B \subset C$ হয়, তবে $A \subset C$.
প্রতিজ্ঞা- চ: A এবং B যে কোনো সেট হলে, $A \subset A \cup B$ এবং $B \subset A \cup B$.
প্রতিজ্ঞা- ছ: A এবং B যে কোনো সেট হলে, $A \cap B \subset A$ এবং $A \cap B \subset B$.

☑ **এক-এক মিল:** মনে করি, $A = \{a, b, c\}$ তিনজন লোকের সেট (গ্রুপ) এবং $B = \{30, 40, 50\}$ ঐ তিনজন লোকের বয়সের সেট। অধিকন্তু মনে করি, a এর বয়স 30, b এর বয়স 40 এবং c এর বয়স 50.
সুতরাং বলা যায় যে, A সেটের সাথে B সেটের এক-এক মিল আছে।
সংজ্ঞা: যদি A সেটের প্রতিটি উপাদানের সাথে B সেটের একটি ও কেবল একটি উপাদান এবং B সেটের প্রতিটি উপাদানের সাথে A সেটের একটি ও কেবল একটি উপাদানের মিল স্থাপন করা হয়, তবে তাকে A ও B সেটের মধ্যে একটি এক-এক মিল বলা হয়। A ও B এর মধ্যে এক-এক মিলকে সাধারণত $A \leftrightarrow B$ লিখে প্রকাশ করা হয় এবং A সেটের কোন সদস্য x এর সাথে B সেটের যে সদস্য y এর মিল করা হয়েছে তা $x \leftrightarrow y$ লিখে বর্ণনা করা হয়।

☑ __সমতুল সেট (*Equivalent sets*):__
মনে করি, $A = \{1, 2, 3\}$ এবং $B = \{a, b, c\}$ দুইটি সেট। নিচের চিত্রে A ও B সেটদ্বয়ের কতগুলো এক-এক মিল দেখানো হলো।



উপরের এক-এক মিলগুলোর মত আরও দুই প্রকারের এক এক মিল দেখানো যায়। অর্থাৎ A ও B এর মধ্যে সর্বমোট ছয়ভাবে এক এক মিল দেখানো যায়। এই ছয় প্রকারের মধ্যে যেকোন এক প্রকারের এক এক মিল স্থাপন করা সম্ভব হলেই A ও B সেটদ্বয়কে সমতুল সেট বলা যায়। কিন্তু নিচের সেট দু'টি সমতুল নয় কারণ এর এক এক মিল দেখানো সম্ভব নয়।

$A = \{1, 2, 3\}$, $B = \{a, b\}$


সমতুল নয়

সংজ্ঞা: যেকোন সেট A ও B এর মধ্যে যদি একটি এক-এক মিল $A \leftrightarrow B$ বর্ণনা করা যায়, তবে A ও B কে সমতুল বা *equivalent* সেট বলা হয়। একে $A \sim B$ দ্বারা প্রকাশ করা হয়।
প্রতিজ্ঞা- ১: প্রত্যেক সেট A তার নিজের সমতুল।
প্রতিজ্ঞা- ২: যদি A ও B সমতুল সেট হয় এবং B ও C সমতুল সেট হয়, তবে A ও C সমতুল সেট হয়।
প্রতিজ্ঞা- ৩: যদি A সান্ত সেট হয় এবং B, A এর প্রকৃত উপসেট হয়, এবং B সান্ত সেট হয় তবে $n(A) < n(B)$ হবে।
প্রতিজ্ঞা- ৪: A অনন্ত সেট হয় যদি ও কেবল যদি A এবং A এর একটি প্রকৃত উপসেট সমতুল হয়। সুতরাং কোন সান্ত সেট ও তার কোনো প্রকৃত উপসেট কখনই সমতুল হতে পারে না।

☑ __সান্ত ও অনন্ত সেট (*Finite and infinite Sets*):__
$A = \{15, 16, 17, 18, 19, 20, 21, 22\}$ সেটটির সদস্যগুলো "গণনা" করে দেখা যায় যে, A সেটের "সদস্য সংখ্যা" 8। এই "গণনা কাজ" A সেটের সাথে $B = \{1, 2, 3, 4, 5, 6, 7, 8\}$ সেটের একটি এক-এক মিল স্থাপন করে সম্পন্ন করা হয়। যেমন,

$$\begin{array}{ccccccccc} A = \{ & 15, & 16, & 17, & 18, & 19, & 20, & 21, & 22\} \\ & \updownarrow & \updownarrow & \updownarrow & \updownarrow & \updownarrow & \updownarrow & \updownarrow & \updownarrow \\ B = \{ & 1, & 2, & 3, & 4, & 5, & 6, & 7, & 8\} \end{array}$$

এরূপ গণনা করে যে সকল সেটের সদস্য সংখ্যা নির্ধারণ করা যায়, তাদের সান্ত সেট বলা হয়।

মনে রাখবে:
(ক) ফাঁকা সেট Φ সান্ত সেট এবং Φ এর সদস্য সংখ্যা শূন্য (0).
(খ) যদি কোন সেট A এবং $I_m = \{1, 2, 3, \ldots \ldots, m\}$ সমতুল হয় যেখানে $m \in N$, তবে A একটি সান্ত সেট এবং A এর সদস্য সংখ্যা m.
(গ) A কোন সান্ত সেট হলে, A এর সদস্য সংখ্যাকে $n(A)$ দ্বারা সূচিত করা হয়।

☑ __অনন্ত সেট:__ যে সেটের সদস্য সংখ্যা গণনা করে নির্ধারণ করা যায় না তাকে অনন্ত সেট বলা হয়। যেমন, সকল বিজোড় স্বাভাবিক সংখ্যার সেট $A = \{1, 3, 5, 7, \ldots\ldots\}$

☑ __সান্ত সেটের ক্ষেত্রে দুটি প্রতিজ্ঞা:__
প্রতিজ্ঞা- ১: যদি A ও B পরস্পর নিশ্ছেদ সান্ত সেট হয়, তবে $n(A \cup B) = n(A) + n(B)$
প্রতিজ্ঞা- ২: যে কোন সান্ত সেট A ও B এর জন্য $n(A \cup B) = n(A) + n(B) - n(A \cap B)$

পাঠ্যবইয়ের অনুশীলনমূলক কাজের সমাধান

১. কাজ: [Ref: পাঠ্যবই পৃষ্ঠা ২]
$S = \{x : x, 100$ থেকে বড় নয় এমন বর্গ পূর্ণ সংখ্যা$\}$।
(১) S যে সেট তা ব্যাখ্যা কর। (২) S কে তালিকা পদ্ধতিতে প্রকাশ কর।

সমাধান:
(১) এখানে, $S = \{x : x, 100$ থেকে বড় নয় এমন বর্গ পূর্ণ সংখ্যা$\}$ সেট হলো বাস্তব জগত বা চিন্তা জগতের যেকোনো বস্তুর সুনির্ধারিত সমাবেশ। এখানে, S সেট 100 থেকে বড় নয় এমন পূর্ণবর্গ সংখ্যাসমূহের সুনির্ধারিত সমাবেশ। সুতরাং S একটি সেট।
(২) এখানে, $S = \{x : x, 100$ থেকে বড় নয় এমন বর্গ পূর্ণ সংখ্যা$\}$ 100 থেকে বড় নয় এমন পূর্ণবর্গ সংখ্যাগুলো হলো:
1, 4, 9, 16, 25, 36, 49, 64, 81
$\therefore$ S সেটকে তালিকা পদ্ধতিতে লিখে পাই-
$S = \{1, 4, 9, 16, 25, 36, 49, 64, 81\}$

২. কাজ: [Ref: পাঠ্যবই পৃষ্ঠা ২]
(১) X কে সার্বিক সেট ধরে, X এর তিনটি উপসেট বর্ণনা কর।
(২) X এর দুইটি উপসেট [illegible]

সমাধান:
(১) এখানে সার্বিক সেট, $X = \{x : x$ পূর্ণ সংখ্যা$\}$
অর্থাৎ, $X = \{\ldots\ldots -4, -3, -2, -1, 0, 1, 2, 3, 4, \ldots\ldots\}$
X এর তিনটি উপসেট হলো-
$X_1 = \{0, 1, 2, 3\}$
$X_2 = \{-1, -2, -3\}$
$X_3 = \{4, 5, 6, 9, \ldots\ldots 100\}$ [বি.দ্র.: অন্যভাবেও উত্তর হবে।]
(২) এখানে সার্বিক সেট, $X = \{x : x$ পূর্ণ সংখ্যা$\}$ সেটের দুইটি উপসেট হলো-
$Ax = \{-4, -3, -2, -1, 0\}$ এবং
$Bx = \{1, 2, 3, 4, 5\}$
এখানে, Ax ও Bx সেটদ্বয় x এর এমন উপসেট যাতে $Ax \not\subseteq Bx$
আবার, $Bx \not\subseteq Ax$
[বি.দ্র.: অনুরূপ ভিন্ন উত্তর হতে পারে।]

কাজ: [Ref: পাঠ্যবই পৃষ্ঠা ৪]

১। দেওয়া আছে, $U = \{1, 2, 3, 4, 5, 6, 7, 8, 9, 10\}$ নিচের সেটগুলো তালিকা পদ্ধতিতে প্রকাশ কর।
(a) $A = \{x : x \in U, 5x > 37\}$
(b) $B = \{x : x \in U, x + 5 < 12\}$
(c) $C = \{x : x \in U, 6 < 2x < 17\}$
(d) $D = \{x : x \in U, x^2 < 37\}$

২। দেওয়া আছে, $U = \{x : x \in z^+, 1 \leq x \leq 20\}$
নিচের সেটগুলো তালিকা পদ্ধতিতে প্রকাশ কর:
(a) $A = \{x : x, 2$ এর গুণিতক $\}$
(b) $B = \{x : x, 5$ এর গুণিতক $\}$
(c) $C = \{x : x, 10$ এর গুণিতক $\}$
প্রদত্ত তথ্যের আলোকে নিচের কোনগুলো সত্য বা মিথ্যা বল:
$C \subset A, B \subset A, C \subset B,$

৩। যদি, $A = \{a, b, c, d, e\}$ হয় তবে $P(A)$ নির্ণয় কর।

১(a) নং এর সমাধান:
দেওয়া আছে, $U = \{1, 2, 3, 4, 5, 6, 7, 8, 9, 10\}$
$A = \{x : x \in U, 5x > 37\}$
এখানে, U এর ঐ সকল সদস্য x, A এর সদস্য হবে যাতে 5 ও x এর গুণফল 37 অপেক্ষা বড় হবে।
$x = 1$ হলে $5x = 5 \times 1 = 5 \ngtr 37$ $\therefore 1 \notin A$
$x = 2$ হলে $5x = 5 \times 2 = 10 \ngtr 37$ $\therefore 2 \notin A$
$x = 3$ হলে $5x = 5 \times 3 = 15 \ngtr 37$ $\therefore 3 \notin A$
$x = 4$ হলে $5x = 5 \times 4 = 20 \ngtr 37$ $\therefore 4 \notin A$
$x = 5$ হলে $5x = 5 \times 5 = 25 \ngtr 37$ $\therefore 5 \notin A$
$x = 6$ হলে $5x = 5 \times 6 = 30 \ngtr 37$ $\therefore 6 \notin A$
$x = 7$ হলে $5x = 5 \times 7 = 35 \ngtr 37$ $\therefore 7 \notin A$
$x = 8$ হলে $5x = 5 \times 8 = 40 > 37$ $\therefore 8 \in A$
$x = 9$ হলে $5x = 5 \times 9 = 45 > 37$ $\therefore 9 \in A$
$x = 10$ হলে $5x = 5 \times 10 = 50 > 37$ $\therefore 10 \in A$
$\therefore A = \{8, 9, 10\}$. **(Ans.)**

১(b) নং এর সমাধান:
দেওয়া আছে, $U = \{1, 2, 3, 4, 5, 6, 7, 8, 9, 10\}$
$B = \{x : x \in U, x + 5 < 12\}$.
এখানে, U এর ঐ সকল সদস্য x, B এর সদস্য হবে যাতে x ও 5 এর যোগফল 12 অপেক্ষা ছোট হয়।
$x = 1$ হলে $5 + x = 5 + 1 = 6 < 12$ $\therefore 1 \in B$
$x = 2$ হলে $5 + x = 5 + 2 = 7 < 12$ $\therefore 2 \in B$
$x = 3$ হলে $5 + x = 5 + 3 = 8 < 12$ $\therefore 3 \in B$
$x = 4$ হলে $5 + x = 5 + 4 = 9 < 12$ $\therefore 4 \in B$
$x = 5$ হলে $5 + x = 5 + 5 = 10 < 12$ $\therefore 5 \in B$
$x = 6$ হলে $5 + x = 5 + 6 = 11 < 12$ $\therefore 6 \in B$
$x = 7$ হলে $5 + x = 5 + 7 = 12 \nless 12$ $\therefore 7 \notin B$
$x = 8$ হলে $5 + x = 5 + 8 = 13 \nless 12$ $\therefore 8 \notin B$
$\therefore B = \{1, 2, 3, 4, 5, 6\}$ **(Ans.)**

১(c) নং এর সমাধান:
দেওয়া আছে, $U = \{1, 2, 3, 4, 5, 6, 7, 8, 9, 10\}$
$C = \{x : 6 < 2x < 17\}$
এখানে U থেকে, x এর ঐ সকল মান নিতে হবে, যাতে 2 ও x এর গুণফল 6 থেকে বড় কিন্তু 17 থেকে ছোট হয়।
এখানে, $x = 1$ হলে, $2x = 2 \times 1 = 2$, যা 17 থেকে ছোট কিন্তু 6 থেকে বড় নয়।
$x = 2$ হলে, $2x = 2 \times 2 = 4$, যা 17 থেকে ছোট কিন্তু 6 থেকে বড় নয়।
$x = 3$ হলে, $2x = 2 \times 3 = 6$, যা 17 থেকে ছোট কিন্তু 6 থেকে বড় নয়।
$x = 4$ হলে, $2x = 2 \times 4 = 8$, যা 6 থেকে বড় এবং 17 থেকে ছোট
$x = 5$ হলে, $2x = 2 \times 5 = 10$, যা 6 থেকে বড় এবং 17 থেকে ছোট
$x = 6$ হলে, $2x = 2 \times 6 = 12$, যা 6 থেকে বড় এবং 17 থেকে ছোট
$x = 7$ হলে, $2x = 2 \times 7 = 14$, যা 6 থেকে বড় এবং 17 থেকে ছোট
$x = 8$ হলে, $2x = 2 \times 8 = 16$, যা 6 থেকে বড় এবং 17 থেকে ছোট
$x = 9$ হলে, $2x = 2 \times 9 = 18$, যা 6 থেকে বড় এবং 17 থেকে ছোট নয়
$x = 10$ হলে, $2x = 2 \times 10 = 20$, যা 6 থেকে বড় এবং 17 থেকে ছোট নয়
$\therefore C = \{4, 5, 6, 7, 8\}$
$\therefore$ নির্ণেয় সেট, $C = \{4, 5, 6, 7, 8\}$.

১(d) নং এর সমাধান:
দেওয়া আছে, $U = \{1, 2, 3, 4, 5, 6, 7, 8, 9, 10\}$
$D = \{x : x^2 < 37\}$
এখানে, U থেকে x এর ঐ সকল মান নিতে হবে, যাতে x এর বর্গ 37 অপেক্ষা ছোট হয়।
এখানে, $x = 1$ হলে, $1^2 = 1$, যা 37 থেকে ছোট
$x = 2$ হলে, $2^2 = 4$, যা 37 থেকে ছোট
$x = 3$ হলে, $3^2 = 9$, যা 37 থেকে ছোট
$x = 4$ হলে, $4^2 = 16$, যা 37 থেকে ছোট
$x = 5$ হলে, $5^2 = 25$, যা 37 থেকে ছোট
$x = 6$ হলে, $6^2 = 36$, যা 37 থেকে ছোট
$x = 7$ হলে, $7^2 = 49$, যা 37 থেকে বড়
$\therefore D = \{1, 2, 3, 4, 5, 6\}$
$\therefore$ নির্ণেয় সেট, $D = \{1, 2, 3, 4, 5, 6\}$.

(২) এর সমাধান:
আমরা জানি, সকল ধনাত্মক পূর্ণ সংখ্যার সেট Z^+
$\therefore Z^+ = \{1, 2, 3, \ldots \ldots \ldots\}$
দেওয়া আছে, $U = \{x : 1 \leq x \leq 20, x \in Z^+\}$
$\therefore U = \{1, 2, 3, 4, 5, 6, 7, 8, 9, 10, 11, 12, 13, 14, 15, 16, 17, 18, 19, 20\}$
(a) $A = \{x : x, 2$ এর গুণিতক$\}$
$= \{2, 4, 6, 8, 10, 12, 14, 16, 18, 20\}$
(b) $B = \{x : x, 5$ এর গুণিতক$\} = \{5, 10, 15, 20\}$
(c) $C = \{x : x, 10$ এর গুণিতক$\} = \{10, 20\}$
এখন, $C \subset A$ এর অর্থ হলো C সেট A এর প্রকৃত উপসেট। অর্থাৎ, C সেটের সকল উপাদান বা সদস্য A সেটেরও সদস্য হবে।
সুতরাং $C \subset A$ তথ্যটি সত্য। কারণ C সেটের প্রত্যেকটি সদস্য A সেটের সদস্য।
আবার, $B \subset A$ এর অর্থ হলো B সেট A এর প্রকৃত উপসেট। অর্থাৎ, B এর সকল সদস্য A সেটের সদস্য হবে।
সুতরাং $B \subset A$ তথ্যটি মিথ্যা। কারণ B সেটের প্রত্যেকটি সদস্য A সেটের সদস্য নয়।
এবং $C \subset B$ এর অর্থ হলো C সেট B এর প্রকৃত উপসেট। অর্থাৎ C সেটের সকল সদস্য B সেটের সদস্য হবে।
সুতরাং $C \subset B$ তথ্যটি সত্য। কারণ, C সেটের প্রত্যেকটি সদস্য B সেটেরও সদস্য।

(৩) এর সমাধান:
এখানে, $A = \{a, b, c, d, e\}$
A সেটের সকল উপসেটের সেট-ই হল $P(A)$।
$\therefore P(A) = \{\Phi, \{a\}, \{b\}, \{c\}, \{d\}, \{e\}, \{a, b\}, \{a, c\}, \{a, d\}, \{a, e\}, \{b, c\}, \{b, d\}, \{b, e\}, \{c, d\}, \{c, e\}, \{d, e\}, \{a, b, c\}, \{a, b, d\}, \{a, b, e\}, \{a, c, d\}, \{a, c, e\}, \{a, d, e\}, \{b, c, d\}, \{b, c, e\}, \{b, d, e\}, \{c, d, e\}, \{a, b, c, d\}, \{a, b, c, e\}, \{a, b, d, e\}, \{a, c, d, e\}, \{b, c, d, e\}, \{a, b, c, d, e\}\}$ **(Ans)**

কাজ: [Ref: পাঠ্যবই পৃষ্ঠা ৫]

১। যদি $A = \{1, 2, 3\}, B = \{1, 2\}, C = \{2, 3\}$ এবং $D = \{1, 3\}$ হয়, তবে দেখাও যে, $P(A) = \{A, B, C, D, \{1\}, \{2\}, \{3\}, \Phi\}$

২। যদি $A = \{1, 2\}$ এবং $B = \{2, 5\}$ হয়, তবে দেখাও যে,
$P(A) = \{A, \{1\}, \{2\}, \Phi\}$
(i) $P(A) \cap P(B) = P(A \cap B)$
(ii) $P(A) \cup P(B) \neq P(A \cup B)$

বি.দ্র: ২নং প্রশ্নে $P(A) = \{A, B, C, D\ \{1\}, \{2\}, \{3\}, \Phi\}$ এর পরিবর্তে $P(A) = \{A, \{1\}, \{2\}, \Phi\}$ হবে।

(১)-এর সমাধান:
দেওয়া আছে, $A = \{1, 2, 3\}, B = \{1, 2\}, C = \{2, 3\}$ এবং $D = \{1, 3\}$
$\therefore P(A) = \{\{1, 2, 3\}, \{1, 2\}, \{2, 3\}, \{1, 3\}, \{1\}, \{2\}, \{3\}, \Phi\}$
কিন্তু $A = \{1, 2, 3\}, B = \{1, 2\}, C = \{2, 3\}, D = \{1, 3\}$
$\therefore P(A) = \{A, B, C, D, \{1\}, \{2\}, \{3\}, \Phi\}$ [দেখানো হলো]

২ (i)-এর সমাধান:
দেওয়া আছে, $A = \{1, 2\}$ এবং $B = \{2, 5\}$
$\therefore A \cap B = \{2\}$ এবং $A \cup B = \{1, 2, 5\}$
(i) $A = \{1, 2\}$

$\therefore P(A) = \{\Phi, \{1\}, \{2\}, \{1, 2\}\}$
$= \{\Phi, \{1\}, \{2\}, A\}$
$= \{A, \{1\}, \{2\}, \Phi\}$ [দেখানো হলো]

আবার, $B = \{2, 5\}$

$\therefore P(B) = \{\Phi, \{2\}, \{5\}, \{2, 5\}\}$

$\therefore P(A) \cap P(B) = \{\Phi, \{2\}\}$

আবার, $A \cap B = \{2\}$

$\therefore P(A \cap B) = \{\Phi, \{2\}\}$

$\therefore P(A) \cap P(B) = P(A \cap B)$ [দেখানো হলো]

২ (ii)-এর সমাধান:

এখন $P(A) \cup P(B)$
$= \{\Phi, \{1\}, \{2\}, \{1,2\}\} \cup \{\Phi, \{2\}, \{5\}, \{2, 5\}\}$
$= \{\Phi, \{1\}, \{2\}, \{5\}, \{1, 2\}, \{2,5\}\}$

আবার $A \cup B = \{1, 2, 5\}$ $P(A \cup B)$
$= \{\Phi, \{1\}, \{2\}, \{5\}, \{1,2\}, \{1,5\}, \{2,5\}, \{1,2,5\}\}$

যেহেতু $P(A) \cup P(B)$ এবং $P(A \cup B)$ এর উপাদানগুলো একই নয়।

$\therefore P(A) \cup P(B) \neq P(A \cup B)$ (দেখানো হলো)

১ কাজ: [Ref: পাঠ্যবই পৃষ্ঠা: ৫]
উপরের উদাহরণের সেটগুলোকে ভেন চিত্রে দেখাও।

সমাধান:
পাঠ্যবইয়ের উদাহরণ-৬ এ বর্ণিত সেটগুলো হলো-

$U = \{0, 1, 2, 3, 4, 5, 6, 7, 8, 9\}$
$A = \{2, 3, 5, 7\}$
$B = \{1, 3, 5, 7, 9\}$
$A \cup B = \{1, 2, 3, 5, 7, 9\}$
$A \cap B = \{3, 5, 7\}$
$A' = \{0, 1, 4, 6, 8, 9\}$
$B' = \{0, 2, 4, 6, 8\}$
$A' \cup B' = \{0, 1, 2, 4, 6, 8, 9\}$
$(A \cap B)' = \{0, 1, 2, 4, 6, 8, 9\}$



চিত্র: U, A এবং B



চিত্র: A∪B



চিত্র: A∩B

চিত্র: A'

চিত্র: A'∪B'

লক্ষণীয়: $A' \cup B'$ ও $(A \cap B)'$ এর মান ও ভেনচিত্র একই, তাই $A' \cup B' = (A \cap B)'$ যা ডি মরগানের সূত্র বলে পরিচিত।

২ কাজ:
i. বণ্টন বিধির সূত্রটি প্রমাণ কর। যেখানে- $A = \{1, 2, 3, 6\}$, $B = \{2, 3, 4, 5\}$ এবং $C = \{3, 5, 6, 7\}$
ii. বণ্টনবিধি ভেনচিত্রের মাধ্যমে দেখাও

(i) সমাধান:
বণ্টনবিধির সূত্রগুলো নিম্নরূপ:
(ক) $A \cup (B \cap C) = (A \cup B) \cap (A \cup C)$
(খ) $A \cap (B \cup C) = (A \cap B) \cup (A \cap C)$

প্রমাণ:
দেওয়া আছে, $A = \{1, 2, 3, 6\}$
$B = \{2, 3, 4, 5\}$ এবং
$C = \{3, 5, 6, 7\}$

(ক) $B \cap C = \{2, 3, 4, 5\} \cap \{3, 5, 6, 7\}$
$= \{3, 5\}$

$A \cup B = \{1, 2, 3, 6\} \cup \{2, 3, 4, 5\}$
$= \{1, 2, 3, 4, 5, 6\}$

$A \cup C = \{1, 2, 3, 6\} \cup \{3, 5, 6, 7\}$
$= \{1, 2, 3, 5, 6, 7\}$

এখন, $A \cup (B \cap C) = \{1, 2, 3, 6\} \cup \{3, 5\}$
$= \{1, 2, 3, 5, 6\}$

আবার, $(A \cup B) \cap (A \cup C)$
$= \{1, 2, 3, 4, 5, 6\} \cap \{1, 2, 3, 5, 6, 7\}$
$= \{1, 2, 3, 5, 6\}$

$A \cup (B \cap C) = (A \cup B) \cap (A \cup C)$ [প্রমাণিত]

(খ) $B \cup C = \{2, 3, 4, 5\} \cup \{3, 5, 6, 7\}$
$= \{2, 3, 4, 5, 6, 7\}$

$A \cap B = \{1, 2, 3, 6\} \cap \{2, 3, 4, 5\}$
$= \{2, 3\}$

$A \cap C = \{1, 2, 3, 6\} \cap \{3, 5, 6, 7\}$
$= \{3, 6\}$

এখন, $A \cap (B \cup C) = \{1, 2, 3, 6\} \cap \{2, 3, 4, 5, 6, 7\}$
$= \{2, 3, 6\}$

আবার, $(A \cap B) \cup (A \cap C) = \{2, 3\} \cup \{3, 6\}$
$= \{2, 3, 6\}$

$A \cap (B \cup C) = (A \cap B) \cup (A \cap C)$ [প্রমাণিত]

ii. নিম্নে ভেনচিত্রের মাধ্যমে তিনটি পরস্পরছেদী বৃত্তক্ষেত্র দ্বারা A, B, ও C সেটগুলো দেখানো হলো:



এখানে,
$A = \{1, 2, 3, 6\}$
$B = \{2, 3, 4, 5\}$
$C = \{3, 5, 6, 7\}$

(ক) প্রমাণ করতে হবে যে,
$A \cup (B \cap C) = (A \cup B) \cap (A \cup C)$
ওপরের ভেনচিত্র থেকে পাই,
$B \cap C = \{3, 5\}$
$A \cup B = \{1, 2, 3, 4, 5, 6\}$
$A \cup C = \{1, 2, 3, 5, 6, 7\}$

সুতরাং $A \cup (B \cap C) = \{1, 2, 3, 6\} \cup \{3, 5\}$
$= \{1, 2, 3, 5, 6\}$

এবং $(A \cup B) \cap (A \cup C)$
$= \{1, 2, 3, 4, 5, 6\} \cap \{1, 2, 3, 5, 6, 7\}$ [Ref: পাঠ্যবই পৃষ্ঠা: ৮]
$= \{1, 2, 3, 5, 6\}$

$A \cup (B \cap C) = (A \cup B) \cap (A \cup C)$ [প্রমাণিত]

(খ) প্রমাণ করতে হবে যে,
$A \cap (B \cup C) = (A \cap B) \cup (A \cap C)$
উপরের ভেনচিত্র থেকে পাই,
$B \cup C = \{2, 3, 4, 5, 6, 7\}$
$A \cap B = \{2, 3\}$, $A \cap C = \{3, 6\}$

সুতরাং $A \cap (B \cup C) = \{1, 2, 3, 6\} \cap \{2, 3, 4, 5, 6, 7\}$
$= \{2, 3, 6\}$

এবং $(A \cap B) \cup (A \cap C) = \{2, 3\} \cup \{3, 6\}$
$= \{2, 3, 6\}$

$A \cap (B \cup C) = (A \cap B) \cup (A \cap C)$ [প্রমাণিত]

কাজ: [Ref: পাঠ্যবই পৃষ্ঠা: ১০]

[এখানে সকল সেট সার্বিক সেট U এর উপসেট বিবেচনা করতে হবে]

১। দেখাও যে : $A \cap (B \cap C) = (A \cap B) \cap (A \cap C)$

২। দেখাও যে, $A \subset B$ হবে যদি এবং কেবল যদি নিম্নোক্ত যেকোনো একটি শর্ত খাটে:

(ক) $A \cap B = A$ (খ) $A \cup B = B$

(গ) $B' \subset A$ (ঘ) $A \cap B' = \Phi$

(ঙ) $B \cup A' = U$

৩। দেখাও যে,

(ক) $A \setminus B \subset A \cup B$ (খ) $A' \setminus B' = B \setminus A$

(গ) $A \setminus B \subset A$ (ঘ) $A \subset B$ হলে $A \cup (B \setminus A) = B$

(ঙ) $A \cap B = \Phi$ হলে, $A \subset B'$, $A \cap B' = A$ এবং $A \cup B' = B'$.

৪। দেখাও যে,

(ক) $(A \cap B)' = A' \cup B'$ (খ) $(A \cup B \cup C)' = A' \cap B' \cap C'$

(গ) $(A \cap B \cap C)' = A' \cup B' \cup C'$

১ নং এর সমাধান:

ধরি, $x \in A \cap (B \cap C)$

$\Rightarrow x \in A$ এবং $x \in (B \cap C)$

$\Rightarrow x \in A$ এবং ($x \in B$ এবং $x \in C$)

$\Rightarrow$ ($x \in A$ এবং $x \in B$) এবং ($x \in A$ এবং $x \in C$)

$\Rightarrow (x \in A \cap B)$ এবং $(x \in A \cap C)$

$\Rightarrow x \in (A \cap B) \cap (A \cap C)$

$\therefore A \cap (B \cap C) \subset (A \cap B) \cap (A \cap C) \dots\dots (i)$

আবার ধরি, $x \in (A \cap B) \cap (A \cap C)$

$\Rightarrow x \in (A \cap B)$ এবং $x \in (A \cap C)$

$\Rightarrow$ ($x \in A$ এবং $x \in B$) এবং ($x \in A$ এবং $x \in C$)

$\Rightarrow x \in A$ এবং ($x \in B$ এবং $x \in C$)

$\Rightarrow x \in A$ এবং $x \in (B \cap C)$

$\Rightarrow x \in A \cap (B \cap C)$

$\therefore (A \cap B) \cap (A \cap C) \subset A \cap (B \cap C) \dots\dots (ii)$

সুতরাং (i) ও (ii) হতে পাই,

$A \cap (B \cap C) = (A \cap B) \cap (A \cap C)$ [দেখানো হলো]

২ (ক) এর সমাধান:

ধরি, $x \in A \cap B$

তাহলে, $x \in A$ এবং $x \in B$ $\therefore A \cap B \subset A$

আবার ধরি, $x \in A$

তাহলে, $x \in A$ অথবা ($x \in A$ এবং $x \in B$)

$\Rightarrow x \in A$ অথবা $x \in (A \cap B)$

$\therefore A \subset (A \cap B)$

সুতরাং, $A \cap B = A$

$\therefore A \subset B$ হবে যদি এবং কেবল যদি $A \cap B = A$ [দেখানো হলো]

বিকল্প সমাধান:

$A \cap B = A$ অর্থাৎ A ও B এর সাধারণ সদস্যগুলো এবং A সেটের সকল সদস্য একই। অতএব, A অবশ্যই B সেটের উপসেট। অর্থাৎ $A \subset B$.

২ (খ) এর সমাধান:

ধরি, $x \in (A \cup B)$

তাহলে, $x \in A$ অথবা $x \in B$ $\therefore A \cup B \subset B$

আবার ধরি, $x \in B$

তাহলে, $x \in B$ অথবা ($x \in A$ এবং $x \in B$)

$\Rightarrow x \in B$ অথবা $x \in (A \cup B)$

$\therefore B \subset A \cup B$

$\therefore A \cup B = B$

$\therefore A \subset B$ হবে যদি এবং কেবল যদি $A \cup B = B$ [দেখানো হলো]

বিকল্প সমাধান:

A সেট ও B সেটের সদস্যদের সংযোগ সেট B সেটের সমান হবে কেবল যদি A সেটের সকল সদস্য B সেটেরও সদস্য হয়। অর্থাৎ যখন $A \subset B$ হবে। [দেখানো হলো]

২ (গ) এর সমাধান:

ধরি, $x \in A'$

তাহলে, $x \in U \setminus A$

$\Rightarrow x \in U$ এবং $x \notin A$ $\therefore A' \subset U$

আবার ধরি, $x \in B'$

তাহলে, $x \in U \setminus B$

$\Rightarrow x \in U$ এবং $x \notin B$

$\therefore B' \subset U$

অর্থাৎ $B' \subset A'$

$\therefore A \subset B$ হবে যদি এবং কেবল যদি $B' \subset A'$ হয়। [দেখানো হলো]

দৃষ্টি আকর্ষণ:

ভেনচিত্রের মাধ্যমে আমরা বিষয়টি বুঝব।



সেট	এলাকা
B'	3
A'	2, 3

সেট	এলাকা
A	1
B	1, 2

$\therefore B' \subset A'$ $\therefore A \subset B$

সুতরাং $B' \subset A'$ কেবল তখন, যখন $A \subset B$ হয়।

২ (ঘ) এর সমাধান:

ধরি, $x \in A \cap B'$

তাহলে, $x \in A$ এবং $x \in B'$

$\Rightarrow x \in A$ এবং $x \in A'$ [$\because B' \subset A'$]

$\Rightarrow x \in A$ এবং $x \notin A$

$\Rightarrow x \in A \setminus A$

$\Rightarrow x \in \Phi$

$\therefore A \cap B' \subset \Phi$

আবার ধরি, $x \in \Phi$

তাহলে $x \in A \setminus A$

$\Rightarrow x \in A$ এবং $x \notin A$

$\Rightarrow x \in A$ এবং $x \in A'$

$\Rightarrow x \in A$ এবং $x \in B'$ [$\because B' \subset A'$]

$\Rightarrow x \in A \cap B'$

$\therefore \Phi \subset A \cap B'$

$\therefore A \cap B' = \Phi$

$\therefore A \subset B$ হবে যদি এবং কেবল যদি $A \cap B' = \Phi$ (দেখানো হলো)

বিকল্প সমাধান:



সেট	এলাকা
B'	3
A	1

সেট	এলাকা
A	1
B	1, 2

$\therefore A \cap B' = \Phi$

অর্থাৎ $A \subset B$ [দেখানো হলো]

২ (ঙ) এর সমাধান:

ধরি, $x \in B \cup A'$

তাহলে, $x \in B$ অথবা $x \in A'$

$\Rightarrow \quad x \in B$ অথবা $x \in B'$ $[\because B' \subset A']$

$\Rightarrow \quad x \in B$ অথবা $x \in U \setminus B$

$\Rightarrow \quad x \in B$ অথবা ($x \in U$ এবং $x \notin B$)

$\Rightarrow$ ($x \in B$ অথবা $x \notin B$) এবং $x \in U$ [সংযোজন নিয়ম]

$\Rightarrow$ ($x \in B$ অথবা $x \in B'$) এবং $x \in U$

$\Rightarrow$ ($x \in B$ অথবা $x \in A'$) এবং $x \in U$

$\therefore \quad B \cup A' \subset U$

আবার,

ধরি, $x \in U$

$\Rightarrow$ ($x \in B$ এবং $x \notin B$) এবং $x \in U$ [সংযোজন নিয়ম]

তাহলে, $x \in B$ এবং $x \in U$ এবং $x \notin B$

$\Rightarrow x \in B$ এবং $x \in U \setminus B$

$\Rightarrow x \in B$ এবং $x \in B'$

$\Rightarrow x \in B$ এবং $x \in A'$ $[\because B' \subset A']$

$\Rightarrow x \in B \cup A'$

$\therefore U \subset B \cup A'$

$\therefore B \cup A' = U$

$\therefore A \subset B$ হবে যদি এবং কেবল যদি $B \cup A' = U$ হয়। [দেখানো হলো]

বিকল্প সমাধান:

আমরা জানি, $B \cup B' = U$

$B \cup A' = U$ তখনই হবে যখন-



$A' = B'$ হবে অর্থাৎ $A = B$

কারণ $B \cup A' = U$

$\therefore A \subset B$ [দেখানো হলো]

৩ (ক) এর সমাধান:

মনে করি, $x \in A \setminus B$

বা, $x \in A$ এবং $x \notin B$

বা, $x \in A$ এবং $x \in B'$

অর্থাৎ $A \setminus B$ সেটে সেই সকল উপাদান থাকবে যেগুলো A সেটে আছে কিন্তু B সেটে নাই। কিন্তু A ও B সেটের সকল উপাদান $A \cup B$ সেটে থাকবে।

$\therefore A \setminus B$ সেটের সকল উপাদান $A \cup B$ সেটে থাকবে।

অর্থাৎ $x \in A \setminus B$ হলে, $x \in A \cup B$ হবে।

$\therefore A \setminus B \subset A \cup B$. [প্রমাণিত]

৩ (খ) এর সমাধান:

ধরি, $x \in A' \setminus B'$

তাহলে, $x \in A'$ এবং $x \notin B'$

$\Rightarrow x \notin A$ এবং $x \in B$

$\Rightarrow x \in B$ এবং $x \notin A$

$\Rightarrow x \in B \setminus A$

$\therefore A' \setminus B' \subset B \setminus A$

আবার, ধরি, $x \in B \setminus A$

তাহলে, $x \in B$ এবং $x \notin A$

$\Rightarrow x \notin B'$ এবং $x \in A'$

$\Rightarrow x \in A'$ এবং $x \notin B'$

$\therefore x \in A' \setminus B'$

$\therefore B \setminus A \subset A' \setminus B'$

সুতরাং, $A' \setminus B' = B \setminus A$. [দেখানো হলো]

৩ (গ) এর সমাধান:

ধরি, $x \in A \setminus B$

তাহলে, $x \in A$ এবং $x \notin B$

$\Rightarrow x \in A$

$\therefore A \setminus B \subset A$. [দেখানো হলো]

৩ (ঘ) এর সমাধান:

ধরি, $x \in A \cup (B \setminus A)$

তাহলে, $x \in A$ অথবা $x \in (B \setminus A)$

$\Rightarrow \quad x \in A$ অথবা ($x \in B$ এবং $x \notin A$)

$\Rightarrow \quad x \in A$ অথবা ($x \in B$ এবং $x \in A'$)

$\Rightarrow \quad$ ($x \in A$ অথবা $x \in B$) এবং ($x \in A$ অথবা $x \in A'$)

$\Rightarrow \quad x \in (A \cup B)$ এবং $x \in (A \cup A')$

$\Rightarrow \quad x \in (A \cup B)$ এবং $x \in U$

$\Rightarrow \quad x \in B$ এবং $x \in U$ [$\because A \subset B$; সুতরাং $x \in (A \cup B)$ হলে, $x \in B$ হবে]

$\Rightarrow x \in B$

$\therefore A \cup (B \setminus A) \subset B$

আবার ধরি, $x \in B$

তাহলে, $x \in A$ অথবা $x \in (B \setminus A)$ $[\therefore A \subset B]$

$\Rightarrow \quad x \in A \cup (B \setminus A) \quad \therefore B \subset A \cup (B \setminus A)$

সুতরাং, $A \cup (B \setminus A) = B$. [দেখানো হলো]

৩ (ঙ) এর সমাধান:

প্রথম অংশ: $A \cap B = \Phi$

অর্থাৎ A ও B সেটের কোন সাধারণ উপাদান নাই।

সুতরাং B-এর উপাদানগুলো এমন হবে যা A-তে নাই

অর্থাৎ $x \in B$ এবং $x \notin A$

অনুরূপ $x \in A$ এবং $x \notin B$

বা, $x \in A$ এবং $x \in B'$

বা, $x \in A \cap B'$

অনুরূপ $x \in B \cap A'$

$\therefore A \subset B'$ [দেখানো হলো]

২য় অংশ: $A \cap B' = A$

মনে করি, $x \in A \cap B'$

বা, $x \in A$ এবং $x \in B'$

বা, $x \in A$ এবং $x \notin B$

বা, $x \in A \setminus B$

এখন, উপসেটের সংজ্ঞানুসারে $A \setminus B \subset A$

$\therefore A \cap B' \subset A \setminus B$ এবং $A \setminus B \subset A$

$\therefore A \cap B' \subset A$

আবার, মনে করি, $x \in A$

বা, $x \in A \setminus B$ $[\because A \subset U]$

বা, $x \in A$ এবং $x \notin B$

বা, $x \in A$ এবং $x \in B'$

বা, $x \in A \cap B'$

$\therefore A \subset A \cap B'$

$\therefore A \cap B' = A$ [দেখানো হলো]

৩য় অংশ: $A \cup B' = B'$

মনে করি, $x \in A \cup B'$

$x \in A$ অথবা $x \in B'$

বা, $x \in A$ অথবা $x \in U \setminus B$

বা, $x \in U \setminus B'$ $[\because A \subset U]$

বা, $x \in B'$

$\therefore A \cup B' \subset B'$

আবার, মনে করি, $x \in B'$

বা, $x \in U \setminus B$

বা, $x \in A$ অথবা $x \in U \setminus B$ $[\because A \subset U]$

বা, $x \in A$ অথবা $x \in B'$

বা, $x \in A \cup B'$

$\therefore B' \subset A \cup B'$

$\therefore A \cup B' = B'$ [দেখানো হলো]

৪ (ক) এর সমাধান:

ধরি, $x \in (A \cap B)'$

তাহলে, $x \notin (A \cap B)$

$\Rightarrow x \notin A$ অথবা $x \notin B$

$\Rightarrow x \in A'$ অথবা $x \in B'$

$\Rightarrow x \in (A' \cup B')$

$\therefore (A \cap B)' \subset A' \cup B'$

আবার ধরি, $x \in A' \cup B'$

$\Rightarrow x \in A'$ অথবা $x \in B'$

$\Rightarrow x \notin A$ অথবা $x \notin B$

$\Rightarrow x \notin A \cap B$

$\Rightarrow x \in (A \cap B)'$

$\therefore A' \cup B' \subset (A \cap B)'$

সুতরাং, $(A \cap B)' = A' \cup B'$ [দেখানো হলো]

৪ (খ) এর সমাধান:

ধরি, $x \in (A \cup B \cup C)'$

তাহলে, $x \notin (A \cup B \cup C)$

$\Rightarrow x \notin A$ এবং $x \notin B$ এবং $x \notin C$

$\Rightarrow x \in A'$ এবং $x \in B'$ এবং $x \in C'$

$\therefore x \in (A' \cap B' \cap C')$

$\therefore (A \cup B \cup C)' \subset (A' \cap B' \cap C')$

আবার ধরি, $x \in A' \cap B' \cap C'$

তাহলে, $x \in A'$ এবং $x \in B'$ এবং $x \in C'$

$\Rightarrow x \notin A$ এবং $x \notin B$ এবং $x \notin C$

$\Rightarrow x \notin (A \cup B \cup C)$

$\Rightarrow x \in (A \cup B \cup C)'$

$\therefore A' \cap B' C' \subset (A \cup B \cup C)'$

সুতরাং $(A \cup B \cup C)' = A' \cap B' \cap C'$ [দেখানো হলো]

৪ (গ) এর সমাধান:

ধরি, $x \in (A \cap B \cap C)'$

তাহলে, $x \notin (A \cap B \cap C)$

$\Rightarrow x \notin A$ অথবা $x \notin B$ অথবা $x \notin C$

$\Rightarrow x \in A'$ অথবা $x \in B'$ অথবা $x \in C'$

$\Rightarrow x \in (A' \cup B' \cup C')$

$\therefore (A \cap B \cap C)' \subset (A' \cup B' \cup C')$

আবার ধরি, $x' \in A' \cup B' \cup C'$

তাহলে, $x \in A'$ অথবা $x \in B'$ অথবা $x \in C'$

$\Rightarrow x \notin A$ অথবা $x \notin B$ অথবা $x \notin C$

$\Rightarrow x \notin (A \cap B \cap C)$

$\Rightarrow x \in (A \cap B \cap C)'$

$\therefore A \cup B' \cup C' \subset (A \cap B \cap C)'$

সুতরাং, $(A \cap B \cap C)' = A' \cup B' \cup C'$ [দেখানো হলো]

অনুশীলনী [Ref: পাঠ্যবই পৃষ্ঠা: ১৫]

১। নিম্নোক্ত প্রত্যেক ক্ষেত্রে A ও B এর মধ্যে সম্ভাব্য সকল এক-এক মিল বর্ণনা কর।

(ক) $A = \{a, b\}, B = \{1, 2\}$

(খ) $A = \{a, b, c\}, B = \{a, b, c\}$

২। উপরের প্রশ্ন ১ এর প্রত্যেক এক-এক মিলকরণের জন্য $F = \{(x, y): x \in A, y \in B\}$ এবং $x \leftrightarrow y$ সেটটি তালিকা পদ্ধতিতে বর্ণনা কর।

৩। মনে করি, $A = \{a, b, c, d\}$ এবং $B = \{1, 2, 3, 4\}$। $A \times B$ এর একটি উপসেট F বর্ণনা কর। যার অন্তর্ভুক্ত [illegible] প্রথম পদের সঙ্গে দ্বিতীয় পদের মিল করা হলে, A ও B এর একটি এক-এক মিল সৃষ্টি হয় (যেমন, $a \leftrightarrow 3$)।

৪। দেখাও যে, $A = \{1, 2, 3 \ldots \ldots n\}$ এবং $B = \{1, 2, 2^2 \ldots \ldots 2^{n-1}\}$ সেট দুইটি সমতুল।

৫। দেখাও যে, $S = \{3^n : n = 0$ অথবা $n \in N\}$ সেটটি N এর সমতুল।

৬। দেখাও যে, যদি S সেটের একটি প্রকৃত উপসেট সসীম হয় তবে S [illegible]।

৭। প্রমাণ কর যে সকল বিজোড় স্বাভাবিক সংখ্যার সেট $A = \{1, 3, 5, 7 \ldots \ldots\}$ অনন্ত সেট।

১ (ক)-এর সমাধান:

দেওয়া আছে, $A = \{a, b\}$;

$B = \{1, 2\}$

A ও B এর মধ্যে সম্ভাব্য এক-এক মিল চিত্রের মাধ্যমে দেখানো হলো:

(i) (ii)



১ (খ)-এর সমাধান:

দেওয়া আছে, $A = \{a, b, c\}$, $B = \{a, b, c\}$

A ও B এর মধ্যে সম্ভাব্য এক-এক মিল চিত্রের মাধ্যমে দেখানো হলো:

(i) (ii) (iii)

(iv) (v) (vi)



২ এর সমাধান:

দেওয়া আছে, $F = \{(x, y) : x \in A, y \in B, x \leftrightarrow y\}$

(ক) এক্ষেত্রে A ও B এর মধ্যে দুটি এক-এক মিল স্থাপন করা যায়। নিচে সেগুলো F সেটটি তালিকা পদ্ধতিতে প্রকাশ করতে পারি।

প্রথম এক-এক মিলের জন্য,

x	a	b
y	1	2

$\therefore F_1 = \{(a, 1), (b, 2)\}$

দ্বিতীয় এক-এক মিলের জন্য,

x	a	b
y	2	1

$\therefore F_2 = \{(a, 2), (b, 1)\}$

(খ) এক্ষেত্রে A ও B এর মধ্যে এক-এক মিলের সংখ্যা ৬। নিচে সেগুলো F সেটটি তালিকা পদ্ধতিতে প্রকাশ করতে পারি।

(i) নং এর এক-এক মিলের জন্য

x	a	b	c
y	a	b	c

$\therefore F_1 = \{(a, a), (b, b) (c, c)\}$

(ii) নং এর এক-এক মিলের জন্য

x	a	b	c
y	c	b	a

$\therefore F_2 = \{(a, a), (b, c) (c, b)\}$

(iii) নং এর এক-এক মিলের জন্য

x	a	b	c
y	a	c	b

$\therefore F_3 = \{(a, b), (b, a) (c, c)\}$

(iv) নং এর চতুর্থ এক-এক মিলের জন্য

x	a	b	c
y	b	a	c

$\therefore F_4 = \{(a, b), (b, c) (c, a)\}$